# THE SUSAN B. ANTHONY ACADEMY – I.S. 238

88-15 182ND STREET, HOLLIS, NY 11423
ফোন: 718-297-9821 ফ্যাক্স: 718-658-5288 WWW.IS238.COM
পিটার লেডি (PETER LEDDY), অধ্যক্ষ
রিতা বাফোর (RITA BAFFOUR), সহকারি অধ্যক্ষ ক্রিস গেইলাস (CHRIS GAILAS), সহকারি অধ্যক্ষ
ক্রিস্টেন রোল্যান্ড (KRISTEN ROWLAND), সহকারি অধ্যক্ষ

3 জানুয়ারি, 2024

প্রিয় অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের পরিবার:

**প্রোমোশন:** প্রোমোশন হলো গ্রেডের প্রয়োজনীয়তা পূরণ হলে এক গ্রেড থেকে অন্য গ্রেডে চলে যাওয়া। অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের হাই স্কুলে "প্রোমোশন" দেওয়া হয়, তারা "গ্র্যাজুয়েট" হয় না। "গ্র্যাজুয়েশন" শব্দটি জুন মাসে অনুষ্ঠিত অনুষ্ঠানকে বোঝায়। যে সমস্ত শিক্ষার্থীরা প্রোমোশনের প্রয়োজনীয়তা পূরণ করে না, তারা জুন মাসে গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে যোগ দিতে **পারবে না**। চ্যান্সেলরের রেগুলেশন A-501 অনুযায়ী NYC DOE প্রচারমূলক মানদণ্ড পূরণ করতে অষ্টম শ্রেণীর সমস্ত ছাত্রদের অবশ্যই নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে:

- স্টেট টেস্টের স্কোর, কোর্স গ্রেড, রিপোর্ট কার্ড, শিক্ষার্থীদের লেখার নমুনা, প্রকল্প, অ্যাসাইনমেন্ট এবং শিক্ষার্থীদের অন্যান্য কর্মক্ষমতা-ভিত্তিক কাজের মতো একাধিক ব্যবস্থার একত্রিত ব্যবহার। যদিও প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে স্টেট টেস্টের স্কোর প্রাথমিক বা প্রধান বিষয় হিসেবে গণ্য নাও করা হতে পারে।
- ***মূল পাঠ্য ইংরেজি, গণিত, বিজ্ঞান এবং সমাজ পাঠের মূল পাঠ্য কোর্সগুলোতে উত্তীর্ণযোগ্য নম্বর অর্জন করা।***

নবম গ্রেডে প্রোমোশন পেতে নবম শ্রেণীর সমস্ত শিক্ষার্থীদের 4টি মূল বিষয়ে অবশ্যই 65 বা তার বেশি গ্রেড পেয়ে পাশ করতে হবে। চারটির মধ্যে যেকোনো একটিতে ব্যর্থ হলে শিক্ষার্থীকে গ্রীষ্মকালীন স্কুলে ভর্তি হতে হবে। যদি শিক্ষার্থী গ্রীষ্মকালীন স্কুলের প্রয়োজনীয়তা পূরণ করে, তবে তাকে আগস্টে প্রোমোট করা হবে এবং সে সেপ্টেম্বরে উচ্চ বিদ্যালয়ে যোগদান করতে পারবে।

**গ্র্যাজুয়েশন অনুষ্ঠান:** গ্র্যাজুয়েশন অনুষ্ঠান/অনুষ্ঠানের সূচনা করা প্রকৃত কোনো গ্র্যাজুয়েশন অনুষ্ঠান নয়। এটি হল সেই শিক্ষার্থীদের জন্য অনুষ্ঠান/উৎসব যারা উচ্চ বিদ্যালয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয়তাগুলি অর্জন করেছে। গ্র্যাজুয়েশন অনুষ্ঠান আর প্রোমোশন এক নয়। অনুষ্ঠানটি 18 জুন উদযাপন করা হবে। 2024.

জুন মাসে গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে অংশগ্রহণের যোগ্য হতে গেলে, একজন শিক্ষার্থীকে অবশ্যই নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে:

- তাদের সমস্ত বিষয়ে সর্বমোট 65 বা তার বেশি গ্রেড পেয়ে পাশ করা। এর মধ্যে আছে: ELA, গণিত, সামাজিক অধ্যয়ন, বিজ্ঞান, শারীরিক শিক্ষা, বিদেশী ভাষা, এবং শিল্প/সংগীত
- অষ্টম গ্রেডের বকেয়া পরিমাণের পুরো পেমেন্ট দেওয়া
- কোন গুরুতর শাস্তিযোগ্য নিয়ম-লঙ্ঘন করবে না (মনে রাখবেন যে: স্কুল কর্তৃপক্ষ এমন একজন শিক্ষার্থীকে এই অনুষ্ঠানে অংশগ্রহণ করতে নিষিদ্ধ করতে পারে, যে এই ক্রিয়াকলাপ হওয়ার আগে থেকেই নিষিদ্ধ আছে যদি তারা ইভেন্টে সহিংসতা বা বিঘ্ন ঘটার জন্য সত্যিকারের হুমকি সৃষ্টি করে, তবে সেই নিষেধাজ্ঞা অবশ্যই লঙঘনের সাথে মানানসই হতে হবে। স্কুল কর্তৃপক্ষ বিশেষভাবে জঘন্য আচরণকারী কোনো শিক্ষার্থীকে একটি চলমান অনুষ্ঠান থেকে বাধা দিতে পারে, যদি স্কুল কর্তৃপক্ষ আগেই শিক্ষার্থী এবং তার পরিবারকে লিখিতভাবে কোনো পরামর্শ দিয়ে থাকে।)

THE SUSAN B. ANTHONY ACADEMY – I.S. 238
88-15 182ND STREET, HOLLIS, NY 11423
ফোন: 718-297-9821 ফ্যাক্স: 718-658-5288 WWW.IS238.COM
পিটার লেডি (PETER LEDDY), অধ্যক্ষ
রিতা বাফোর (RITA BAFFOUR), সহকারি অধ্যক্ষ ক্রিস গেইলাস (CHRIS GAILAS), সহকারি অধ্যক্ষ
ক্রিস্টেন রোল্যান্ড (KRISTEN ROWLAND), সহকারি অধ্যক্ষ

**ত্বরান্বিত কোর্স**

অষ্টম শ্রেণীর সকল শিক্ষার্থী বীজগণিত 1 এবং জীবন্ত পরিবেশের কোর্স নেয়

- অষ্টম শ্রেণীর ছাত্ররা 14 জুন, 2024-এ NYS লিভিং এনভায়রনমেন্ট রিজেন্টস নেবে। লিভিং এনভায়রনমেন্টের একটি ল্যাবে সময়ের প্রয়োজনীয়তা রয়েছে যা পরীক্ষা দেওয়ার জন্য যোগ্য হতে সমস্ত শিক্ষার্থীদের অবশ্যই পূরণ করতে হবে। যদি কোনো শিক্ষার্থী ল্যাবে সময়ের প্রয়োজনীয়তা পূরণ না করে, তাহলে সে পরীক্ষা দিতে পারবে না।
- অষ্টম শ্রেণীর ছাত্ররা 4 জুন, 2024-এ NYS বীজগণিত 1 রিজেন্টস পরীক্ষা দেবে
- কোর্সের জন্য হাই স্কুলের ক্রেডিট অর্জনের জন্য, গ্রেড 8-এর শিক্ষার্থীদের অবশ্যই ত্বরিত কোর্সে উত্তীর্ণ হতে হবে এবং রিজেন্টস পরীক্ষায় ন্যূনতম 65 স্কোর অর্জন করতে হবে।
- যদি কোনো শিক্ষার্থী কোর্সে উত্তীর্ণ হয়, কিন্তু 65-এর কম স্কোর থাকার জন্য পরীক্ষায় ব্যর্থ হয়, তাহলে শিক্ষার্থী বিষয়টির জন্য প্রোমোশন পাওয়ার মানদণ্ড **পূরণ করেছে**
- যদি কোনো শিক্ষার্থী কোর্সে ব্যর্থ হলেও পরীক্ষায় উত্তীর্ণ হয়, তবে শিক্ষার্থীটি সেই বিষয়ের জন্য প্রোমোশনের মানদণ্ড **পূরণ করেনি** তাহলে প্রোমোশনের মানদণ্ড পূরণ করতে তাকে গ্রীষ্মকালীন স্কুলে উপস্থিত হতে হবে।

| | কোর্স | পরীক্ষা | ফলাফল |
|---|---|---|---|
| **বিজগণিত 1** | **পাস** | **পাস** | **প্রোমোশনের মানদণ্ড পূরণ হয়েছে এবং HS ক্রেডিট** |
| | **ফেল** | **পাস** | **প্রোমোশনের মানদণ্ড পূরণ হয়নি এবং HS ক্রেডিট নেই** |
| | **পাস** | **ফেল** | **প্রোমোশনের মানদণ্ড পূরণ হয়েছে এবং HS ক্রেডিট নেই** |
| | **ফেল** | **ফেল** | **প্রোমোশনের মানদণ্ড পূরণ হয়নি এবং HS ক্রেডিট নেই** |
| **লিভিং এনভায়রনমেন্ট** | **পাস** | **পাস** | **প্রোমোশনের মানদণ্ড পূরণ হয়েছে এবং HS ক্রেডিট** |
| | **ফেল** | **পাস** | **প্রোমোশনের মানদণ্ড পূরণ হয়নি এবং HS ক্রেডিট নেই** |
| | **পাস** | **ফেল** | **প্রোমোশনের মানদণ্ড পূরণ হয়েছে এবং HS ক্রেডিট নেই** |
| | **ফেল** | **ফেল** | **প্রোমোশনের মানদণ্ড পূরণ হয়নি এবং HS ক্রেডিট নেই** |

আমি বিশ্বাস করি যে আমাদের সকল অষ্টম শ্রেণীর শিক্ষার্থীরা এই প্রত্যাশাগুলি পূরণ করতে পারবে, যদি তারা প্রতিদিন ও সময়মতো স্কুলে আসে, তাদের শিক্ষার উপর মনোনিবেশ করে এবং আপনার সম্পূর্ণ সমর্থন থাকে। শিক্ষার্থীরা সমস্যায় পড়বে, হিমসিম খাবে, এবং সেটাই হওয়া উচিৎ, তবে সফল হওয়ার জন্য তাদের সম্পূর্ণরূপে নিজেদের কাজে নিযুক্ত থাকতে হবে।

**পরিশ্রম**: শিক্ষার্থী প্রতিদিন ক্লাসে আছে, কাজ করে, কিন্তু পরীক্ষার ফলাফলে তা প্রতিফলিত হয় না। হতাশ হওয়ার আগে, শিক্ষকের সাথে কথা বলুন। শিক্ষার্থীরা যাতে সফল হয়, তার জন্য আমরা কি

# THE SUSAN B. ANTHONY ACADEMY – I.S. 238

88-15 182ND STREET, HOLLIS, NY 11423

ফোন: 718-297-9821 ফ্যাক্স: 718-658-5288 WWW.IS238.COM

পিটার লেডি (PETER LEDDY), অধ্যক্ষ

রিতা বাফোর (RITA BAFFOUR), সহকারি অধ্যক্ষ ক্রিস গেইলাস (CHRIS GAILAS), সহকারি অধ্যক্ষ

ক্রিস্টেন রোল্যান্ড (KRISTEN ROWLAND), সহকারি অধ্যক্ষ


সহায়তা দিতে পারি তা জিজ্ঞাসা করুন। আমরা কিভাবে শিক্ষার্থীদের তাদের লক্ষ্য অর্জনে সাহায্য করতে পারি।

**পরিশ্রম নয়**: শিক্ষার্থী প্রায় প্রতিদিনই প্রথম পিরিয়ডের ক্লাসে দেরি করে বা সেটা মিস করে। শিক্ষার্থী সময়মতো স্কুলে আসার চেষ্টা করে না। এই শিক্ষার্থী এই ক্লাসে ফেল করবে| তারা ফেল করবে কারণ তারা চেষ্টা করেনি। তারা সংগ্রাম করেনি।

আমরা যদি পরিশ্রম, চিন্তা, দুশ্চিন্তা, চেষ্টা না করি, তাহলে আমরা কিভাবে সফল হব? আপনি যদি শরীরচর্চা করতে জিমে যান, আপনি প্রথমে ট্রেডমিলে সবচেয়ে ধীর গতিতে বা সবচেয়ে হালকা ওজন তুলে শুরু করবেন। তবে, আপনি অবশেষে ট্রেডমিলে গতি বাড়াবেন এবং বারবেলে ওজনও যোগ করবেন। আপনি যখন গতি এবং ওজন বাড়াবেন আপনি এতে হিমসিম খাবেন, আপনি ঘামবেন কিন্তু আপনি এটি করতে থাকবেন কারণ আপনি উন্নতি করেছেন। অবশেষে, আপনি যখন শুরু করেছিলেন তার তুলনায় আপনি পরে বেশি পরিশ্রম করবেন, কিন্তু আপনি সাফল্য পাবেন এবং আপনি নতুন নতুন লক্ষ্য স্থির করে আরও সফল হবেন। আমাদের সকলের উচিৎ শিক্ষার ক্ষেত্রে এই একই পদ্ধতি অবলম্বন করা। অনুগ্রহ করে আমাদের এবং আপনার সন্তানের সাথে এই পরিশ্রমে যোগ দিন, কারণ পরিশ্রম সত্যিই ফলপ্রসূ হয়।

বিনীত,

পিটার লেডি (Peter Leddy)
প্রিন্সিপ্যাল